



দেশের জনগণ অস্থিরতায় জীবন যাপন করছে: মির্জা ফখরুল



সংগৃহীত ছবি

দেশের মানুষ বর্তমানে এক অস্থির পরিস্থিতির মধ্যেই জীবনযাপন করছে। এমন সময়ে যারা দেশের জন্য দিশা দেখাতে পারতেন, তাদের মধ্যে অন্যতম ছিলেন ব্যারিস্টার মওদুদ আহমদ। বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, বর্তমান সংকটময় মুহূর্তে ব্যারিস্টার মওদুদকে দেশের জন্য প্রয়োজন ছিল। মঙ্গলবার (১৮ নভেম্বর) বিকেলে রাজধানীর একটি হোটেলে প্রয়াত ব্যারিস্টার মওদুদ আহমদের বইয়ের মোড়ক উন্মোচন অনুষ্ঠানে তিনি এ মন্তব্য করেন। ফখরুল বলেন, ব্যারিস্টার মওদুদ ইতিহাস চর্চায় ছিলেন নিখুঁত ও নিষ্ঠাবান। রাজনীতিতে তার নানা বিতর্ক থাকলেও, ইতিহাসের সত্য প্রকাশে তিনি কখনও পক্ষপাতী হননি। তিনি দুঃখ প্রকাশ করে বলেন, ‘ফ্যাসিস্ট শাসক হাসিনার বিদায় তিনি দেখে যেতে পারেননি।’ তিনি আরও উল্লেখ করেন, মওদুদ আহমদ ছিলেন একজন আপাদমস্তক গণতান্ত্রিক নেতা। তিনি জীবদ্দশায় গণতন্ত্র প্রতিষ্ঠা ও রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছেন। এ সময় তিনি তরুণ প্রজন্মের জন্য মওদুদ আহমদের লেখনীকে অত্যন্ত প্রাসঙ্গিক ও গুরুত্বপূর্ণ হিসেবে উল্লেখ করেন।